

## এমিরেটসে টিকিট কাটলে হোটেলে ফ্রি থাকার সুযোগ

- A Monitor Desk Report

Date: 02 July, 2024



ঢাকাঃ দুবাই ভ্রমণকারী বা দুবাইয়ে ট্রানজিট নেওয়া এমিরেটস যাত্রীদের বিনামূল্যে পাঁচ তারকা হোটেলে থাকার সুবিধা দিচ্ছে এমিরেটস এয়ারলাইন্স। এ বছরের ১ জুলাই থেকে ২১ জুলাইয়ের মধ্যে এমিরেটসের যে কোনো শ্রেণীতে রিটার্ন টিকিট কিনলে দুবাইয়ে যাত্রীরা জে ডব্লিউ ম্যারিয়ট মাকোয়েজ হোটেলে থাকার সুযোগ পাবেন।

সোমবার (১ জুলাই) এমিরেটস বাংলাদেশ জানায়, প্রথম ও বিজনেস শ্রেণীর যাত্রীদের জন্য দুই রাত এবং প্রিমিয়াম ইকোনমি ও ইকোনমি শ্রেণীর যাত্রীদের এক রাতের জন্য এই সুবিধা দেওয়া হবে। ২১ জুলাইয়ের মধ্যে টিকিট কেটে এ বছরের ১৫ সেপ্টেম্বরের মধ্যে ভ্রমণ করলে যাত্রীরা এই সুযোগ পাবেন।

এমিরেটস জানায়, বিশ্বের অন্যতম বিলাসবহুল জে ডব্লিউ ম্যারিয়ট মাকোয়েজ হোটেলের অন্যতম বৈশিষ্ট্য হলো ৩৫৫ মিটার উচ্চতায় অবস্থিত দু'টি আইকনিক টাওয়ার, যেখান থেকে গ্রাহকরা দুবাইয়ের মনোরম দৃশ্য উপভোগ করতে পারেন। হোটেলটিতে বিভিন্ন রুচির গ্রাহকদের প্রয়োজন মেটাতে ১২টির বেশি রেস্টুরেন্ট, বার ও ডিনার লাউঞ্জ রয়েছে। তুরস্কের ঐতিহ্যবাহী হাম্মাম, ইউএইয়ের একমাত্র ডেড সি ক্লোথেশন পুল, ১৭টি ট্রিটমেন্ট রুম, স্টেট অফ দ্য আর্ট হেলথ ক্লাবসহ অন্যান্য ফিটনেস সুবিধার জন্য অবকাশ যাপনকারীদের কাছে হোটেলটি অত্যন্ত জনপ্রিয়।

এমিরেটস বর্তমানে ঢাকায় সপ্তাহে ২১টি ফ্লাইট পরিচালনা করছে। ঢাকা থেকে এসব ফ্লাইটে যাত্রীরা দুবাই এবং দুবাই ট্রানজিট নিয়ে বিশ্বের প্রায় ১৪০টি গন্তব্যে যেতে পারছেন।

-B